

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
[কাস্টমস: নীতি শাখা]

নথি নং ০৮.০১.০০০০.০০০.০৫৩.০১.০০০৪.২৬ (অংশ-২)/২১৮ তারিখ: ১১জুন, ২০২৬ খ্রিঃ।

আদেশ

বিষয়: আমদানিকৃত পণ্যের রাসায়নিক পরীক্ষণের নিমিত্ত ল্যাবরেটরি নির্বাচন।

জননিরাপত্তা, জনস্বাস্থ্য ও পরিবেশের জন্য ক্ষতিকর পণ্যের আমদানি নিয়ন্ত্রণ, মেধাস্বত্বের সুরক্ষা নিশ্চিত করা, আমদানি নীতি আদেশের বাধ্যবাধকতা পরিপালনসহ আমদানিকারক প্রদত্ত পণ্য ঘোষণার সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক ঝুঁকি ব্যবস্থাপনার আওতায় ক্ষেত্রবিশেষে প্রতিনিধিত্বমূলক নমুনার রাসায়নিক পরীক্ষা করা হয়। উক্ত রাসায়নিক পরীক্ষা বর্তমানে শুধুমাত্র কাস্টমস ল্যাবরেটরি অথবা নির্দিষ্ট কিছু সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ল্যাবরেটরিতে সম্পাদিত হয়। উক্ত ল্যাবরেটরিসমূহের নানাবিধ সীমাবদ্ধতার কারণে রাসায়নিক পরীক্ষার ফলাফল পেতে অনাকাঙ্খিত বিলম্ব হয় এবং সে কারণে কিছু ক্ষেত্রে পণ্য খালাসে বিলম্ব হয়ে থাকে।

০২। এ প্রেক্ষিতে, বাণিজ্য সহজীকরণের উদ্দেশ্যে প্রতিনিধিত্বমূলক নমুনা রাসায়নিক পরীক্ষণের জন্য সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের পাশাপাশি বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড এবং International Organization for Standardization (ISO) কর্তৃক স্বীকৃত যে কোন বেসরকারী ল্যাবরেটরিতে প্রেরণ করা যাবে এবং উক্ত পরীক্ষণ প্রতিবেদনের ভিত্তিতে শুদ্ধায়ন কার্যক্রম সম্পন্ন করা যাবে।

০৩। বেসরকারি ল্যাবরেটরি কর্তৃক রাসায়নিক পরীক্ষা করার ক্ষেত্রে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড স্বীকৃত পরীক্ষণ পদ্ধতি অনুসরণ করতে হবে।

০৪। আমদানি নীতি আদেশে যে সকল পণ্যের শর্ত পরিপালন নিশ্চিত করার ক্ষেত্রে সুনির্দিষ্ট কর্তৃপক্ষ বা ল্যাবরেটরিকে নির্দিষ্ট করা হয়েছে, সে সকল পণ্যের ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে না। এক্ষেত্রে আমদানি নীতি আদেশে উল্লিখিত কর্তৃপক্ষ বা ল্যাবরেটরিতে পণ্য পরীক্ষণের জন্য প্রেরণ করতে হবে।

০৫। কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৬ এ প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

রেজাউল করিম

দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)

ই-মেইল: sscuspolicy@gmail.com

প্রাপক:

- ১-৮। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/ পানগাঁও/আইসিডি, চট্টগ্রাম/ভোমরা।
- ৯-২৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (পশ্চিম)/ঢাকা (পূর্ব)/ঢাকা (দক্ষিণ)/ চট্টগ্রাম/রাজশাহী/যশোর/ খুলনা/সিলেট/রংপুর/কুমিল্লা/নারায়নগঞ্জ/গাজীপুর/বরিশাল/ময়মনসিংহ/কক্সবাজার।
- ২৫। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮ (সরকারি গেজেটে মুদ্রণের ব্যবস্থা গ্রহণের জন্য)।